

নম্বর : ৪৬.৪২.৭৮০০.০০০.১৪.১১৪.১৫(অংশ-১).২১১২

তারিখ: ২১ আশ্বিন ১৪২৮
০৬ অক্টোবর ২০২১

বিষয় : ২০২১-২০২২ অর্থ বছরে পটুয়াখালী জেলা পরিষদের রাজস্ব তহবিলের আওতায় প্রস্তাবিত স্কিম বাস্তবায়নের অনুমোদন।

সূত্র : জেলা পরিষদ, পটুয়াখালী এর স্মারক ৪৬.১০.৭৮০০.০০০.০১১.০০৯.২০-৩২৪, তারিখ: ২০ সেপ্টেম্বর ২০২১।


উপর্যুক্ত বিষয় ও সূত্রস্ব স্মারকে ২০২১-২০২২ অর্থ বছরে পটুয়াখালী জেলা পরিষদের রাজস্ব খাতের ১৩৪.০০ লক্ষ (এক কোটি চৌত্রিশ লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে ৬০ টি স্কিম বাস্তবায়নের অনুমতি প্রদানের জন্য অনুরোধ জানানো হয়েছে। উল্লেখ্য, প্রস্তাবিত স্কিমসমূহের মধ্যে নিম্নোক্ত ২টি স্কিমের বিষয়ে জেলা পরিষদ পটুয়াখালী কর্তৃক শিক্ষা প্রতিষ্ঠানটি পরিচালনার স্বপক্ষে দালিলিক প্রমাণকসহ প্রাক্কলন এবং খেয়াঘাটের কী সংস্কার করা হবে, এ সম্পর্কিত বিস্তারিত তথ্য ও প্রাক্কলন যাচাই করা প্রয়োজন:

ক্রমিক	প্রস্তাবিত স্কিম	প্রাক্কলিত ব্যয়
স্কিম নং-৩	জেলা পরিষদ স্কুল উন্নয়ন ও বাউন্ডারি ওয়াল নির্মাণ	১৮.০০ লক্ষ টাকা
স্কিম নং-৯	গলাচিপা বন্দর খেয়াঘাট সংস্কার	১৪.০০ লক্ষ টাকা

২। এমতাবস্থায়, উক্ত ০২ টি স্কিম ব্যতীত অবশিষ্ট ৫৮টি স্কিম ১০২.০০ লক্ষ (এক কোটি দুই লক্ষ) টাকা প্রাক্কলিত ব্যয়ে বাস্তবায়নের প্রশাসনিক অনুমোদন নির্দেশক্রমে জ্ঞাপন করা হলো:

শর্তাবলী:

পাবলিক প্রকিউরমেন্ট আইন, ২০০৬, পাবলিক প্রকিউরমেন্ট বিধিমালা, ২০০৮, স্থানীয় সরকার বিভাগের ১২ এপ্রিল ২০১৮ তারিখের ৪৬.০০.৫১০০.০৪২.১৪.০৮৫.১৭.৫৫৫ নং পরিপত্রের নির্দেশনাসমূহ যথাযথ প্রতিপালন করতে হবে।


মোহাম্মদ তানভীর আজম ছিদ্দিকী
উপসচিব
ফোনঃ ৯৫৭৫৫৬৮
ই-মেইলঃ lgzp@lgd.gov.bd

প্রধান নির্বাহী কর্মকর্তা
জেলা পরিষদ, পটুয়াখালী।

অনুলিপি সদয় জ্ঞাতার্থে:

১. মাননীয় মন্ত্রীর একান্ত সচিব, স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২. সিনিয়র সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
৩. সহকারী প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।